

# সচিবালয়ের সামনে শতাধিক ঢাবি শিক্ষার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

: মঙ্গলবার, ০৩ সেপ্টেম্বর ২০২৪



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (শিক্ষা) হিসেবে ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের শিক্ষক মোহাম্মদ ইসমাইলের নামে প্রজ্ঞাপনের দাবিতে সচিবালয়ের সামনে অবস্থান নিয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতাধিক শিক্ষার্থী।

মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মিছিল নিয়ে সচিবালয়ের সামনে আসেন তারা। এর আগে সকাল থেকে ব্যানার নিয়ে রাজু ভাস্কর্যের পাদদেশে বিক্ষোভ দেখান ওই শিক্ষার্থীরা।

সচিবালয়ের সামনে অবস্থান নেওয়া এক শিক্ষার্থী বলেন, ‘আমরা দীর্ঘদিন ধরে শুনে আসছি, বিদিশা ম্যাম ও ইসমাইল স্যার প্রোভিসি হয়েছে। কিন্তু এতদিনেও প্রজ্ঞাপন হয়নি।’

‘আমাদের দাবির প্রেক্ষিতে গতকাল বিদিশা ম্যামের প্রজ্ঞাপন হয়েছে, ইসমাইল স্যারের প্রজ্ঞাপন না হওয়ায় আমরা সচিবালয়ে এসেছি।’

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক সায়েমা হক বিদিশাকে শিক্ষালয়টির উপ-উপাচার্য (প্রশাসন) হিসেবে নিয়োগ দিয়ে সোমবার প্রজ্ঞাপন জারি শিক্ষা মন্ত্রণালয়।

এর আগে গত ২৭ অগাস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩০তম উপাচার্য হিসেবে নিয়োগ পান ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক নিয়াজ আহমেদ খান।

গত ৫ অগাস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর উপাচার্য, প্রক্টর, হল প্রাধ্যক্ষ ও ডিনদের পদত্যাগের হিড়িকের মধ্যে কার্যত অভিভাবকহীন হয়ে পড়েছিল ঢাকা বিশ্ববিদ্যালয়।